# আখতারের ওপর হামলার জন্য সরকারকে জবাব দিতে হবে: নাহিদ



সংগৃহীত ছবি

নিউইয়র্কে জাতীয় নাগরিক পার্টির (এনসিপি) সদস্য সচিব আখতার হোসেনের ওপর হামলার ঘটনায় সরকার ও পররাষ্ট্র উপদেষ্টার ব্যর্থতার অভিযোগ তুলেছেন এনসিপির আহ্বায়ক নাহিদ ইসলাম। তিনি বলেন, পরিকল্পিত ষড়যন্ত্রের অংশ হিসেবেই এ হামলা ঘটেছে। এসময় তিনি তদন্ত, হামলাকারীদের পরিচয় প্রকাশ এবং আওয়ামী লীগের বিচারসহ কয়েক দফা দাবি জানান।

জাতীয় নাগরিক পার্টির (এনসিপি) সদস্য সচিব আখতার হোসেনের ওপর যুক্তরাষ্ট্রের নিউইয়র্কে হামলার ঘটনায় সরকার এবং পররাষ্ট্র উপদেষ্টাকে জবাবদিহির আওতায় আনার দাবি জানিয়েছেন দলের আহ্বায়ক নাহিদ ইসলাম। মঙ্গলবার (২৩ সেপ্টেম্বর) দুপুরে এক জরুরি সংবাদ সম্মেলনে তিনি অভিযোগ করেন, নিরাপত্তার যথাযথ ব্যবস্থা না থাকায় এ হামলার সুযোগ তৈরি হয়েছে।

নাহিদ ইসলাম বলেন, জুলাই গণঅভ্যুত্থানের পর থেকে আওয়ামী লীগ নেতৃবৃন্দকে লক্ষ্য করে ধারাবাহিকভাবে হামলা ও ষড়যন্ত্র চালাচ্ছে। তিনি উল্লেখ করেন, গোপালগঞ্জে পদযাত্রার সময় নেতাদের ওপর আক্রমণ এবং লন্ডন ও আমেরিকায় উপদেষ্টা মাহফুজ আলমের ওপর হামলার চেষ্টার ঘটনা এর প্রমাণ। নিউইয়র্কে আখতার হোসেনের ওপর হামলাও এই ধারাবাহিক ষড়যন্ত্রের অংশ বলে তিনি অভিযোগ করেন।

তিনি আরও বলেন, এসব হামলা ও অপতৎপরতার বিরুদ্ধে এখনো কোনো কার্যকর পদক্ষেপ নেয়নি সরকার। প্রশাসনের কিছু কর্মকর্তা ভেতর থেকে তথ্য সরবরাহ করে হামলাকারীদের সহযোগিতা করছে বলেও অভিযোগ করেন তিনি। এছাড়া আওয়ামী লীগের নেতাদের জামিনে মুক্তি পাওয়া, প্রকাশ্যে চলাফেরা এবং শহীদ পরিবারের ওপর হুমকির বিষয়েও তিনি ক্ষোভ প্রকাশ করেন।

নাহিদ ইসলাম সংবাদ সম্মেলনে কয়েকটি সুনির্দিষ্ট দাবি উত্থাপন করেন। এর মধ্যে রয়েছে হামলার ঘটনার পূর্ণাঙ্গ ও স্বচ্ছ তদন্ত, ফ্যাসিবাদের সময় নিয়োগপ্রাপ্ত আওয়ামী দোসরদের পররাষ্ট্র মন্ত্রণালয় থেকে অপসারণ, উপদেষ্টা মাহফুজ আলমের ওপর হামলার ঘটনায় গ্রেফতার পাঁচজনের নাম প্রকাশ, জুলাই হত্যাকাণ্ডের বিচার দ্রুত সম্পন্ন করা এবং আওয়ামী লীগের বিচার নিশ্চিত করা।

শাপলা প্রতীক না দেওয়ার প্রশ্নে তিনি বলেন, নির্বাচন কমিশন এ বিষয়ে কোনো আইনগত ব্যাখ্যা দেখাতে পারেনি। ইসি আনুষ্ঠানিকভাবে সিদ্ধান্ত নিলে এনসিপি তাদের চূড়ান্ত অবস্থান জানাবে। অন্যদিকে, গণধিকার পরিষদের সাথে সংযুক্তির বিষয়ে তিনি জানান, আলোচনা চলছে এবং চূড়ান্ত সিদ্ধান্ত হলে দল তা আনুষ্ঠানিকভাবে জানাবে।